

ঢাকা, ০৩ সেপ্টেম্বর ২০১৯

সারা বিশ্ব একদিন বাংলা ভাষা শিখতে বাধ্য হবে

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী এম. পি.

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী বলেছেন, ‘বাংলাদেশ যে গতিতে এগিয়ে যাচ্ছে তা অব্যাহত থাকলে শিগ্রই উন্নত রাষ্ট্রে পরিনত হবে। সারা বিশ্বের মানুষ একদিন বাংলা ভাষা শিখবে। আমাদের প্রয়োজন নিষ্ঠা একাগ্রতা ও কঠোর পরিশ্রম’। উপমন্ত্রী বলেন, ‘চায়না একদিন বাংলাদেশের মত ছিল কিন্তু চেষ্টা ও সাধনার মাধ্যমে আজ চায়না পৃথিবীর শক্তিশালী অর্থনীতির দেশ’।

তিনি আজ রাজধানীর বনানীর টি এন টি আদর্শ হাই স্কুল মাঠে হয়্যাওয়ে বাংলাদেশ টেকনোলজিস এর আয়োজনে কড়াইল বস্তির শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন। এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে নিযুক্ত চাইনিজ এম্বাসেডর লি জিমিং (Li Jiming), অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন হয়্যাওয়ে বাংলাদেশ টেকনোলজিস এর সিইও জেন জিংজুন (Zhang Zhingjun)। লি জিমিং বলেন, ‘বাংলাদেশ চায়নার উত্তম প্রতিবেশী। দুই দেশের বর্তমান সম্পর্ক অত্যন্ত চমৎকার। এই সম্পর্ক দুই দেশের উন্নয়নে ভূমিকা রাখবে’। জেন জিংজুন বলেন, ‘২০২১ সালের মধ্যে বাংলাদেশ সব ক্ষেত্রে ডিজিটাল হওয়ার স্বপ্ন দেখছে। হয়্যাওয়ে এ কার্যক্রমের অংশ হতে চায়’।

মোহাম্মদ আবুল খায়ের

জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮